



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট -এর ২০১৭-১৮ শিক্ষাবর্ষের নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান



শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আই.ই.আর, জবি)-এর ২০১৭-১৮ শিক্ষাবর্ষের 'নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান ২০১৮' জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আই.ই.আর, জবি)-এর উদ্যোগে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের 'নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান ২০১৮' বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর পরিচালক ড. মনিরা জাহান-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান। অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করা হয়। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। নবীনবরণ শেষে বিভাগীয় শিক্ষার্থীদের উদ্যোগে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।